DEC. – 5 2000

তারিখ ........

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

দৈনিক ইনকিলাব

## ১শ' কোটি টাকার বই

৮-এর পৃষ্ঠার পর

প্রেসিডেন্ট সাহাবুদ্দীন আহমদের বরাবরে দেয়। চিঠিতে সৃজনশীল প্রকাশক পরিষদ বলেছে, বিগত ১০ বছরে শিক্ষা মন্ত্রণালয় টেন্ডারের মাধ্যমে একশ' কোটি টাকার বই কিনলেও ওই কর্মসূচীতে দেশীয় সৃজনশীল প্রকাশক, লেখক, ছাত্র-শিক্ষক বোর্ডই উপকৃত হয়নি। একশ্রেণীর দুর্নীতিপরায়ণ পুস্তক সরবরাহকারী টেন্ডার ব্যবস্থাকে জিম্মি করে বিভিন্ন প্রকল্পে স্কুল পর্যায়ের ছাত্র-ছাত্রীদের জন্য বিভিন্ন নকল বই এবং ভারতীয় বই তালিকাভুক্ত করে তা অধিক মুনাফায় সরবরাহ করত। পরিষদ নেতৃবৃন্দ এসব দুর্নীতির সাথে জড়িতদের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়ার জন্য দুর্নীতি দমন ব্যুরোকে নির্দেশ দেয়ার দাবী জানিয়েছেন।